

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ডাক টেলিযোগাযোগ ও তথ্য প্রযুক্তি মন্ত্রণালয়
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
বিসিসি ভবন (৫ম তলা), আগারগাঁও, ঢাকা।
Fax: 8181565, www.ictd.gov.bd

স্মারক নং - ৫৬.০০.০০০০.০২৪.০৬.০০৬.১৫ - ৩১৩

তারিখঃ ০২.০২.২০১৬ খ্রি.

বিষয়ঃ তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ আয়োজিত “জাতীয় হ্যাকাথন-২০১৬” প্রোগ্রামে অংশগ্রহণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ দেশের মেধাবী তরুণ প্রোগ্রামার ও প্রফেশনালদের প্রতিযোগিতামূলক দক্ষতা তৈরী ও তথ্য প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে ১০টি টেকসই উন্নয়ন লক্ষ্য (10 Sustainable Development Goal-SDG; সংযুক্ত) অর্জনে মেধাবী তরুণদের সম্পৃক্ত করার নিমিত্ত আয়োজন করতে যাচ্ছে দেশের বৃহত্তম টেক-ইভেন্ট “জাতীয় হ্যাকাথন-২০১৬”(NATIONAL HACKATHON-2016)। সাস্টেইনেবল ডেভেলপমেন্ট গোল এর নির্বাচিত ১০(দশ) টি লক্ষ্য অর্জনের জন্য এইবারের জাতীয় হ্যাকাথন আয়োজিত হবে। সারা দেশের সেরা ডেভেলপাররা একসাথে হবে বছরের সব থেকে বড় এই কোডিং ফেস্টিভালে। SDG এর ১০(দশ) টি লক্ষ্য অর্জনের জন্য আমাদের যেইসব প্রতিবন্ধকতা রয়েছে তা প্রযুক্তি দিয়ে কিভাবে মোকাবেলা করা হবে তার জন্য দেশের সেরা তরুণ প্রযুক্তিবিদরা টানা ৩৬ ঘণ্টা একটানা কাজ করবেন এবং তা উদ্ভাবন করবেন।

০২। “জাতীয় হ্যাকাথন-২০১৬” সম্ভাব্য আগামী ০৮ ও ০৯ মার্চ ২০১৬ (প্রস্তাবিত) তারিখে আয়োজনের পরিকল্পনা করা হয়েছে। হ্যাকাথন অনুষ্ঠানে প্রায় ১২০০ প্রশিক্ষিত এবং অভিজ্ঞ সফটওয়্যার ডেভেলপাররা বিরতিহীনভাবে একটানা ৩৬ ঘণ্টা বা প্রায় ২ (দুই) দিনব্যাপী নির্বাচিত জাতীয় সমস্যা সমাধানমূলক মোবাইল এ্যাপ্লিকেশনের নমুনা প্রস্তুত করবেন। জাতীয় হ্যাকাথন কার্যক্রমে তাঁর প্রতিষ্ঠান থেকে অংশগ্রহণে ইচ্ছুক আগ্রহীরা ব্যক্তিগত বা দলগত ভাবে অংশগ্রহণ করতে পারবে। একটি শিক্ষা প্রতিষ্ঠান থেকে একাধিক দল জাতীয় হ্যাকাথন প্রোগ্রামের <http://hackathon.ictd.gov.bd/register/> এই লিংকটিতে প্রবেশ করে যথাযথ নিয়মাবলী অনুসরণ করে রেজিস্ট্রেশন করতে পারবে। রেজিস্ট্রেশন সম্পন্ন করা দলগুলো থেকে নির্বাচিত দলগুলো নিয়ে হ্যাকাথন প্রোগ্রাম অনুষ্ঠিত হবে। হ্যাকাথন প্রোগ্রামের নির্ধারিত স্থান, তারিখ ও সময় রেজিস্ট্রেশনে উল্লেখিত মোবাইল নম্বর ও ইমেইলের মাধ্যমে নির্বাচিত ব্যক্তি ও দলের সকল সদস্যকে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের পক্ষ থেকে যথাসময়ে অবহিত করা হবে। হ্যাকাথন প্রোগ্রামে অংশগ্রহণকারীদের সার্টিফিকেটের পাশাপাশি চূড়ান্ত বিজয়ীদেরকে জাতীয় ইনোভেশন ফান্ডের আওতায় পুরস্কার প্রদান করা হবে। এছাড়াও, হ্যাকাথন প্রোগ্রামে আইসিটি বিশেষজ্ঞবৃন্দ মূল্যবান দিকনির্দেশনা প্রদানের জন্য একাধিক সেশন পরিচালনা করবেন। “জাতীয় হ্যাকাথন-২০১৬” সম্পর্কে বিস্তারিত জানতে যোগাযোগ করুন 01675013562(সেইদ সাব্বির কবির) এই নম্বরে এবং সংযুক্ত থাকুন আমাদের “জাতীয় হ্যাকাথন-২০১৬” ফেসবুক পেজ-এ(ফেসবুক লিঙ্কঃ <https://www.facebook.com/nationalmobileapps/?fref=ts>)।

০৩। এমতাবস্থায়, উক্ত হ্যাকাথন প্রোগ্রামে আগ্রহীদের অংশগ্রহণের ব্যাপারে উদ্বুদ্ধ করতে এবং আপনার বিশ্ববিদ্যালয় থেকে অংশগ্রহণ নিশ্চিত করতে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করার জন্য নির্দেশক্রমে বিনীত অনুরোধ করা হল।

সংযুক্ত: ফর্দ -১

(মিনা মাসুদ উজ্জমান)
উপ-সচিব

ফোন: ৮১৮১৬৪০, ৮১৮১১৯৭

ই-মেইল: ninamasud@yahoo.com

বিতরণঃ সদয় কার্যার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১। চেয়ারম্যান/বিভাগীয় প্রধান/পরিচালক, সিএসই/ইইই/ইসিই/ আইসিটি/ আইটি/ যুক্তিত পদার্থবিদ্যা/ সফটওয়্যার ইঞ্জিনিয়ারিং, ঢাকা বিশ্ববিদ্যালয়।

all teachers
moodle
NTB.